

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী

(ইংরেজি ভাষন)

মোবাইল নং- ০১৭১৪২৯৮৭৩১

ই-মেইল::zpscnoakhali@gmail.com

www.zpscno.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

তারিখ: ১৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ
২৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ

জেলা প্রশাসন, নোয়াখালী কর্তৃক পরিচালিত 'জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী' (ইংরেজি ভাষন) এ নিম্নলিখিত পদসমূহের জন্যে যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম ও বিষয় | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল |
|---------|---|---|---|--|-------------------------------|
| ০১ | প্রধান শিক্ষক | ০১ (এক) | ন্যূনতম ৩৫ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বি. এড. ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) এর অধিক ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। শিক্ষকতা পেশায় ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | গ্রেড: ১১তম (১২,৫০০-৩০,২৩০/-) |
| ০২ | সহকারী শিক্ষক ক. গণিত খ. ইংরেজি গ. ইসলাম ধর্ম ঘ. হিন্দু ধর্ম ঙ. আর্ট | প্রতি বিষয়ে ০১ (এক) জন করে মোট ০৫ (পাঁচ) জন | অনুর্ধ্ব ৩২ বছর (অভিজ্ঞদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | যেকোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। শিক্ষকতায় অভিজ্ঞ, স্কুল নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। | গ্রেড: ১০তম (১১,০০০-২৬,৫৯০/-) |
| ০৩ | আয়া | মহিলা- ০১ জন | অনুর্ধ্ব ৩২ বছর | জে.এস.সি/জে.ডি.সি/সমমান | গ্রেড: ২০তম (৮,২৫০-২০,০১০/-) |

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী বরাবর ০৪ নভেম্বর ২০২১ ইং তারিখের মধ্যে স্বহস্তে লিখিত স্বাক্ষরসহ আবেদন মোবাইল নং ও ই-মেইল উল্লেখপূর্বক ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে প্রেরিত আবেদন গৃহীত হবে না।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), স্কুল শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ (যদি থাকে), স্থানীয় ইউপি চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, মোবাইল ফোন নম্বর এবং সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০১-০২ নং পদে আবেদনকারীকে ১০০০/- (এক হাজার) ও ০৩ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) "জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভাষন), নোয়াখালী" অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ মোবাইল ও ই-মেইলের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে কোন ধরনের তদবিব/ ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-
জেলা প্রশাসক, নোয়াখালী
ও
সভাপতি
জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী